

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১৩ (অংশ-১)-১৮

তারিখ: ২২ পৌষ ১৪২৮  
৬ জানুয়ারি ২০২২

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৯ তথাঃ তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষনের জন্য গঠিত কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি মির্জা স্মৃতি কর্মকার  
যুগ্মসচিব (উন্নয়ন) ও সভাপতি, তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা পরিবীক্ষণ কমিটি, স্থানীয় সরকার বিভাগ।  
তারিখ ও সময় ০৪.০১.২০২২ বিকালঃ ৩.০০ টা।  
সভার স্থান কক্ষ নং-৬১৫, ভবন-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট-‘ক’

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব অনুপম বড়ুয়া, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতির বিবরণ সভায় উপস্থাপন করেন। সভার সদস্যগণ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করায় এবং তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরী সম্পন্ন হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদান করায় উপস্থিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন। তাছাড়া স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে মর্মে সহকারী প্রোগ্রামার সভাকে অবহিত করেন। সভার সদস্যগণ স্বপ্রণোদিতভাবে প্রকাশের তালিকাভুক্ত ২২ ধরনের হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রত্যক্ষ করেন এবং প্রত্যক্ষক্রমে তথ্য সমূহ হালনাগাদ হয়েছে মর্মে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। সভার সভাপতি ৩১.১২.২০২১ তারিখের মধ্যে বাস্তবায়নের জন্য নির্দিষ্টকৃত দুটি কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে মর্মে স্বীকৃতি প্রদানের নিমিত্ত পরবর্তী মাসিক সমন্বয় সভায় বিষয়টি তুলে ধরার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করেন। তাছাড়া অন্যান্য কার্যক্রমসমূহ ৩০ জুন’ ২০২২ তারিখের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

০২. সভায় বিস্তারিত আলোচনান্তে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক্রঃ নং	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	[১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান।	তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানসহ রেজিস্টারে তা লিপিবদ্ধ করতে হবে এবং প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য প্রদান ইউনিট
০২.	[১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ	স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য ৩১.১২.২০২১ তারিখের মধ্যে হালনাগাদ করা হয়েছে মর্মে মাসিক সমন্বয় সভার স্বীকৃতির লক্ষ্যে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	১. যুগ্মসচিব (মওমু) স্থানীয় সরকার বিভাগ ২. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
০৩.	[১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করণ	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করণ করা হয়েছে মর্মে সমন্বয় সভার স্বীকৃতির লক্ষ্যে সভায় উপস্থাপন করতে হবে।	যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন), স্থানীয় সরকার বিভাগ।
০৪.	[১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ।	(১) তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সংক্রান্ত লিফলেট মুদ্রণ এবং এ বিভাগের আওতাধীন সকল দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহে তা প্রেরণ করতে হবে। এ বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) বরাবরে পত্র প্রেরণ করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ

		(২) স্থানীয় সরকার বিভাগ বিভিন্ন ইস্যুতে অংশীজনদের নিয়ে সভা করে থাকেন। অংশীজনদের নিয়ে সভা অনুষ্ঠানকালে আলোচ্যসূচীতে তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্তির জন্য পত্র প্রেরণ করতে হবে।	
০৫.	[১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন।	তথ্য অধিকার বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে একটি করে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
০৬.০১.২০২২  
স্মৃতি কর্মকার  
যুগ্মসচিব (উন্নয়ন) ও  
সভাপতি,

তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা পরীক্ষণ কমিটি,  
স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং-৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১৩ (অংশ-১)-১৮


তারিখ: ২২ পৌষ ১৪২৮  
৬ জানুয়ারি ২০২২

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৩. উপসচিব (উপজেলা-২)/ইউপি-২ শাখা, অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৪. সিনিয়র সহকারী সচিব, (সমন্বয় ও কাউন্সিল)/নগর উন্নয়ন-২ শাখা।
৫. সহকারী প্রোগ্রামার/সহকারী মেনেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন) এর দপ্তর (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।



০১.০১.২২  
অনুপম বড়ুয়া  
যুগ্মসচিব (মওমুঃ)  
স্থানীয় সরকার বিভাগ